গাংনীর গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠান

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মোঃ আশরাফ আলীর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মোঃ মুস্তাকিম রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ ইমদাদুল হক, ইয়ারুল ইসলাম, এখলাছ উদ্দিন, জিয়াউর রহমান, নিজান উদ্দিন আব্দুস সালাম, ফাত্তাহুল আলম, মানছুরা খাতুন হুরে জান্নাত, রেজিনা খাতুন, তামান্না কারী সহ আরো অনেকে।

পরে প্রধান শিক্ষক মুস্তাকিম রহমান নতুন বছরে নতুন শিক্ষার্থীদের হাতে ফুল দিয়ে বরন করে নেন ও স্কুলের নিয়ম কানন সম্পর্কে শিক্ষার্থীদের অবগত করেন।

দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠানে এমপি টগর

দর্শনা সরকারি কলেজ নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হাজী মোঃ আলী আজগার টগর এমপি নবীনদের উদ্দেশ্যে বলেন, আমি এই কলেজের ছাত্র ছিলাম। ভালো ছাত্র হওয়ার আগে, ভালো মানুষ হতে হবে। তোমরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হওয়ার দীক্ষা দর্শনা সরকারি কলেজ থেকেই নেবে। ভালো মানুষ হতে হলে পড়াশুনা করতে হবে। তোমরাই ভবিষ্যতের বাংলাদেশ। তাই তোমাদের সুপথে চলতে হবে আলোকিত মানুষ হতে হবে।

শিক্ষার্থীদের বিভিন্ন দাবীর প্রেক্ষিতে প্রধান অতিথি বলেন, কলেজে অচিরেই একটি আধুনিক মানের ছাত্র ছাত্রী জন্য হোস্টেল নির্মাণ করা হবে এবং মাষ্টার যাতে এই কলেজে থেকে পরীক্ষা দিতে পারে তা চালু করার জন্য যা যা করার আমি আপনাদের সহযোগিতা করবো। শিক্ষার্থীদের উন্নয়নে যা যা প্রয়োজন পর্যায়ক্রমে তা অবশ্যই করা হবে।

দর্শনা সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে নবাগত শিক্ষার্থীদের বরণ করতে কলেজ প্রাঙ্গনে উৎসবমুখর পরিবেশে দর্শনা কলেজে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসার রেজাউল করিম। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধার রুস্তম আলী, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল সালাম ইশা,দর্শনা কলেজ ছাত্র লীগের সভাপতি পারভেজ, সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন তপু, সাংগঠনিক সম্পাদক আলী আবরার অপুপ্রমুখ। কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মচারীসহ এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জামসেদ আলীর সঞ্চালনায় অনুষ্টানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠ করেন কলেজের ছাত্র ছাত্রী। এরপর প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে মধ্যে দিয়ে মনোমুগ্ধকর গানের মাধ্যমে শেষ হয় অনুষ্টানটি।

[redacted]

[redacted]

চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কলেজ গভর্নিং বডির সদস্য আবু সাইদ খোকন, গভর্নিং বডির সদস্য ইসমাইল হোসেন, ফারুক হোসেন, নিশান তরফদার । সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী অধ্যাপক মাওলানা রফিকুল ইসলাম, রবিউল ইসলাম, আনিছুজ্জামান মল্লিক, জহির উদ্দিন, প্রভাষক শরীফুল ইসলাম মিঠু, ক্রীড়া শিক্ষক বশীর আহমেদসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

গাংনীর জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও নতুন ভবন উদ্বোধন এবং এসএসসি ছাত্র-ছাত্রীদের বিদায় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার(১২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে বিদ্যালয় প্রঙ্গনে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে নবীণ বরণ অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন (এমপি)। জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমের সভাপতিত্বে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত,জাতীয় পতাকা উত্তোলন নবীণদের ফুল দিয়ে বরণ করা হয়। বিভিন্ন ডিস্পেপ্রদর্শন করা হয়। এরপর ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফুল দিয়ে বিদায়ী সম্বর্ধনা দেয়া হয়। পরে বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষকদের ফুল ও ক্রেস্ট প্রদান করা হয়। সব শেষে একটি ৪ তালা ভবন নির্মাণ কাজের উদ্বোধন করেন প্রধান